# পরিচালকমন্ডলীর প্রতিবেদন

৩১ শে ডিসেম্বর ২০২০ ইং তারিখ সমাপ্ত বছরের

বিসমিল্লাহির রাহমানির রাহিম
**প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,**

আস্সালামু আলাইকুম
পূরবী জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেডের ৩৩ তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানীর পরিচালনাপর্ষদের পক্ষ থেকে আপনাদেরকে আনন্দের সাথে স্বাগত ও আন্তরিক অভিনন্দন জানিয়ে আমি ৩১ শে ডিসেম্বর ২০২০ ইং তারিখে সমাপ্ত বছরের কোম্পানীর পরিচালনা পরিষদের প্রতিবেদন, নিরীক্ষিত আর্থিক অবস্থার বিবরণী, লাভ-ক্ষতি বন্টন হিসাব, সামগ্রিক আয়ের বিবরণী, রাজস্ব হিসাব, মালিকানা স্বত্বের পরিবর্তন বিবরণী, নগদ প্রবাহ বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন আপনাদের সকলের সদয় অবগতির জন্য উপস্থাপন করছি।

**কোম্পানীর শাখা ঃ**
প্রধান কার্যালয়ে অবস্থিত কোম্পানীর কর্পোরেট শাখা ছাড়াও দেশের প্রধান ও উল্লেখযোগ্য ব্যবসায়িক কেন্দ্রে অত্র কোম্পানীর সর্বমোট ১৬টি শাখা রয়েছে যেগুলির মাধ্যমে কোম্পানীর সার্বিক বীমা ব্যবসার কার্যক্রম পরিচালিত হচ্ছে । আমরা আশাকরি আগামীতে দেশের অন্যান্য অঞ্চলে বেশ কিছু শাখার কার্যক্রম শুরু করে বীমা ব্যবসার প্রসার ঘটাতে সক্ষম হব।

**ব্যবসায়িক পরিবেশ এবং ফলাফল ঃ**
২০২০ইং সালে পাবলিক সেক্টরের ব্যবসাসহ কোম্পানীর মোট প্রিমিয়াম আয় হয়েছে ৮২,৭৩৫,২৫৪ টাকা যা ২০১৯ ইং সালে ছিল ৯১,৩৩৭,৬২৮ টাকা। পুন: বীমা বাদে ২০২০ইং সনে নীট প্রিমিয়াম আয় ২৪,০২৩,৫৯৮ টাকা যা ২০১৯ ইং সনে ছিল ২০,৯৭৬,৩৩৬ টাকা। কোম্পানীর অভিজ্ঞ ফিল্ড অফিসারগণের দক্ষ সেবার মাধ্যমে বীমা গ্রহীতাদের সন্তুষ্টি বিধান ও অফিসে কর্মরত কর্মকর্তা /কর্মচারীদের আন্তরিক কর্মতৎপরতার মাধ্যমে প্রিমিয়াম আয় ভবিষ্যতে আরও বৃদ্ধি পাবে বলে আশা করছি।

**রিজার্ভ ঃ**
২০২০ইং সালে অনুত্তীর্ণ ঝুঁকির জন্য রিজার্ভ ফান্ডে রাখা হয়েছে ৯,৬২৪,৩০০ টাকা যা ২০১৯ ইং সালে ছিল ৮,৪১৯,৭৩৭ টাকা।

**কোম্পানীর সম্পত্তির পরিমাণ ঃ**
কোম্পানীর সম্পত্তির পরিমাণ ২০১৯ইংসালে ছিল ১০৭.০৪ কোটি টাকা যা ২০২০ইং সালে বৃদ্ধি পেয়ে ১০৮.৭৯ কোটি টাকা হয়েছে।

**বিনিয়োগ ঃ** কোম্পানী দেশের তফসিলী ব্যাংক সমূহে স্থায়ী ও স্বল্প মেয়াদী আমানত, শেয়ার বাজার ইত্যাদির মাধ্যমে সন্তোষজনকভাবে সম্পদের বিনিয়োগ করছে। ফলে কোম্পানীর আর্থিক ভিত্তি সন্তোষজনক হারে উন্নতির দিকে ধাবিত হচ্ছে।

| | | |
|---|---|---|
| বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারী বন্ড (বিজিটিবি) | | ০.৪৫ কোটি টাকা |
| বিভিন্ন ব্যাংকে স্থায়ী জমা হিসাব | | ৬৫.৯৫ কোটি টাকা |
| বিভিন্ন ব্যাংকে স্বল্প মেয়াদী জমা হিসাব | | ১.১২ কোটি টাকা |
| বিভিন্ন ব্যাংকে চলতি জমা হিসাব | | ০.০১ কোটি টাকা |
| শেয়ার | | ৩.৭৩ কোটি টাকা |
| | সর্বমোট = | ৭১.২৬ কোটি টাকা |

**লভ্যাংশ ঘোষণা ঃ**
কোম্পানীর আর্থিক অবস্থা, সঙ্গতি, ও সর্বোপরি ব্যবসায়িক সাফল্য ২০১৯ইং সালের তুলনায় মোটামুটি স্থিতিশীল হওয়ায় পরিচালকমন্ডলী ২০২০ ইং সালে সকল শেয়ারহোল্ডারদের জন্য ০৫% নগদ ও ০৫% স্টক লভ্যাংশ প্রদানের অনুমোদনের সুপারিশ করেন।

**পরিচালক নির্বাচন ঃ**

কোম্পানীর আর্টিকেলস অর্ব এসোসিয়েশন এর ১১৪ নং আর্টিকেল অনুযায়ী "**Group-A**" হতে নিম্নোক্ত উদোক্তা পরিচালকগণ অবসর গ্রহণ করবেন ঃ

১। জনাব ফয়সল কবির চৌধুরী
২। জনাবা নজিবা বেগম

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশন এর ১১৬ আর্টিকেল অনুযায়ী উক্ত উদ্যোক্তা পরিচালকগণ পুনরায় নির্বাচনের যোগ্য এবং তারা পুনঃনির্বাচনের জন্য আগ্রহ প্রকাশ করেছেন। যা বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হিসাবে গণ্য হবেন।

**নিরীক্ষক নিয়োগ ঃ**

কোম্পানীর ৩২ তম বার্ষিক সাধারণ সভায় চার্টাড একাউন্ট্যাস ফার্ম মের্সাস শফিক বসাক এন্ড কোং কে অত্র কোম্পানীর ২০২০ সালের অডিটর নিয়োগ দেয়া হয়। তাঁরা তাদের উপর অপিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করেছেন। শফিক বসাক এন্ড কোং এর আবেদনের প্রেক্ষিতে পরিচালনা পর্ষদ ২০২১ সালের জন্য শফিক বসাক এন্ড কোং কে কোম্পানীর নিরীক্ষক নিয়োগের সুপারিশ করেন।

**মানব সম্পদ ব্যবহার ও উন্নয়ন ঃ**

কোম্পানীর সার্বিক উন্নয়ন এবং কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কোম্পানীতে প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে। বিভিন্ন উন্নয়নমূলক সেমিনার ও প্রশিক্ষণের আমাদের কর্মকর্তা /কর্মচারীগণের অংশগ্রহণ ছিল অত্যন্ত উৎসাহব্যঞ্জক। দক্ষ কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে কোম্পানীর কার্যক্রম পরিচালিত হচ্ছে। ভবিষ্যতে আরো বিকাশ ঘটবে বলে আশা করছি।

**প্রাতিষ্ঠানিক সুশাসন ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কামিশনের আদেশ নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১১৯/এডমিন/৩৪,তারিখ ২২-১১-২০১৮ইং এ বর্ণিত শর্তসমূহ যথাযথ ভাবে পালন করা হয়েছে যা অত্র প্রতিবেদনে সন্নিবেশিত করা হয়েছে।

**বোর্ড সভা ঃ**

২০২০ইং সালের পরিচালনা পর্ষদের সর্বমোট ৪ (চার) টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়। পরিচালনা পর্ষদের সদস্যদের সভায় উপস্থিতির তালিকা নিম্নরূপ ঃ

| ক্রমিক নং | পরিচালক বৃন্দের নাম | বোর্ড সভায় উপস্থিত |
|---|---|---|
| ১. | জনাব মুজিবুল ইসলাম | ০৪ |
| ২. | জনাবা গোলাম ফাতেমা তাহেরা খানম<br>(প্রতিনিধি: সন্ধানী লাইফ ইন্সুরেন্স কোম্পানী লিঃ) | ০৪ |
| ৩. | জনাব মোহাম্মদ ইকবাল | ০৪ |
| ৪. | জনাব ফয়সল কবীর চৌধুরী | ০৪ |
| ৫. | জনাব খালিদ হোসেন | ০৪ |
| ৬. | জনাব নজরুল ইসলাম চৌধুরী | ০১ |
| ৭. | জনাবা নজিবাবেগম | ০৪ |
| ৮. | জনাব আমিনুর রহমান খান | ০৩ |
| ৯. | জনাব সালেহ আহমেদ<br>(প্রতিনিধি-মের্সাস মোনা এফ সি এস লিঃ) | ০৪ |
| ১০. | জনাবা জেসমিন আরা | ০৩ |
| ১১. | জনাব এস. এম ইমতিয়াজ খান | ০৩ |
| ১২. | ডঃ মুহম্মদ আনিসুল হক | ০৩ |
| ১৩. | জনাব মোঃ মজিবর রহমান মিঞা | ০৪ |
| ১৪. | জনাব কর্নেল, ওয়েস হুদা (অবঃ) | ০৪ |
| ১৫. | জনাব এ, এফ, এম, রেজাউল হাসান | ০৪ |

৩১.১২.২০২০ইং তারিখে ধারনকৃত শেয়ারের বিবরণী।
পেরেন্ট/ সাবসিডিয়ারী/এসোসিয়েটেড কোম্পানী, কোম্পানী ও অন্যান্য ঃ নাই।

| শ্রেণী | নাম | শেয়ার সংখ্যা |
|---|---|---|
| পরিচালকবৃন্দ, প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানী সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, প্রধান আভ্যন্তরীন নিরীক্ষক। | জনাব মুজিবুল ইসলাম | ১,১০৬,২২৮ |
| | জনাবা গোলাম ফাতেমা তাহেরা খানম (প্রতিনিধি-সন্ধানী লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিঃ) | ২৭০৯১৬৯ |
| | জনাব মোহাম্মদ ইকবাল | ৭৮২,১৫৩ |
| | জনাবা নজিবা বেগম | ১,৫৬৩,৯৬২ |
| | জনাব ফয়সল কবির চৌধুরী | ১,৫৬৬,৯৩৭ |
| | জনাব খালিদ হোসেন | ১,৩৬৬,৫৭৬ |
| | জনাব মোঃ সালেহ আহমেদ (প্রতিনিধি- মের্সাস মোনা এফ সি এস লিঃ) | ১,২৪২,৪৮৪ |
| | জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী | ১,১০৬,১২৪ |
| | জনাব মোঃ মজিবর রহমান মিঞা-স্বতন্ত্র পরিচালক | -- |
| | জনাব কর্নেল,ওয়েস হুদা (অবঃ)-স্বতন্ত্র পরিচালক | -- |
| | জনাব এ.এফ.এম রেজাউল হাসান-স্বতন্ত্র পরিচালক | -- |
| | মূখ্য নির্বাহী কর্মকর্তা (সিইও) | -- |
| | জনাব সুকুমার চন্দ্র রায় | -- |
| | কোম্পানী সচিব | -- |
| | জনাব রিয়াজুল ইসলাম চৌধুরী | -- |
| | প্রধান অর্থ কর্মকর্তা | -- |
| | জনাব সুবীর কুমার সরকার | -- |
| | অভ্যন্তরীন নিরীক্ষা কমিটির প্রধান | -- |
| | জনাব কাইয়ূম রেজা | |


**কৃতজ্ঞতা স্বীকার**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়,বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তপক্ষ (আই.ডি.আর.এ), বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, সি.ডি.বি.এল. বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমী, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ সহ সকল প্রতিষ্ঠান সমূহকে কোম্পানীর কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আন্তরিক ভাবে কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাচ্ছি। পুনঃবীমাকারী প্রতিষ্ঠান হিসাবে সাধারণ বীমা কর্পোরেশনকেও তাদের সার্বিক নির্দেশনা এবং অব্যাহত সহযোগিতা প্রদানের জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি। এছাড়াও আমি কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা (সিইও), উর্ধ্বতন নির্বাহীবৃন্দসহ সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদেরকে তাদের কঠোর পরিশ্রম ও আন্তরিক প্রচেষ্টার জন্য পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

কোম্পানী পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আমি দেশে ও বিদেশে অবস্থিত কোম্পানীর সকল সম্মানিত গ্রাহক, শেয়ার হোল্ডার বৃন্দ ও শুভানুধ্যায়ীদের নিকট তাদের আন্তরিক সহযোগির্তার জন্য কৃতজ্ঞতা জানাচ্ছি। সেই সাথে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহকে অত্র কোম্পানীর সাথে তাঁদের ব্যবসায়িক সুসম্পর্কের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

পরিশেষে সম্মানিত শেয়ার হোল্ডার বৃন্দের নিকট আন্তরিক শ্রদ্ধাজ্ঞাপন পূবর্ক তাঁদের সর্বাত্নক সহযোগিতার মাধ্যমে কোম্পানীর উন্নয়ন অব্যাহত রাখার সুদৃঢ় প্রত্যয় ব্যক্ত করছি।

আল্লাহ হাফেজ।
ধন্যবাদান্তে
পরিচালনা পর্ষদের পক্ষে



**মুজিবুল ইসলাম**
চেয়ারম্যান